

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ০৩/২০২০

তারিখঃ ১৬/০১/২০২০খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর স্মারক নং-১৩.০২.০০০০.৫১০.০৪.০৩৭.১৯-৬০৩, তারিখ-১২/০১/২০২০খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd

নং-১৩.০২.০০০০.৫১০.০৪.০৩৭.১৯-৬০৩

তারিখ : ১২ জানুয়ারী ২০২০ খ্রিঃ

পূর্বের পত্রের সূত্র নং : ১৩.০২.০০০০.৫১০.০৪.০৩৭.১৯-৫৭০, তারিখঃ ৮ ডিসেম্বর, ২০১৯খ্রিঃ।

বিষয়ঃ আমদানি ও প্রস্তুতকৃত কীটনাশকে ক্ষতিকর উপাদান লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম পাওয়ায় আইনগত ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফসলে বহুল ব্যবহৃত কীটনাশকের ৪৭টি নমুনা (বাজার হতে সংগৃহীত) এটোমিক অ্যানার্জি ল্যাব, শাহবাগ, ঢাকা এবং অপর একটি বেসরকারী পরীক্ষাগারে পরীক্ষা করা হয়। পরীক্ষায় এ সকল কীটনাশকে ভারীধাতু বিশেষ করে লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম এর অস্তিত্ব উচ্চ মাত্রায় পাওয়া যায়। এ লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গত ৮ ডিসেম্বর, ২০১৯ইং তারিখে ভারীধাতু মুক্ত কীটনাশক আমদানির লক্ষ্যে ১ ফেব্রুয়ারি ২০২০খ্রিঃ হতে বন্দরে আসা প্রতিটি কীটনাশকের চালানোর ভারীধাতু পরীক্ষা বাধ্যতামূলক করে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ ট্রপ প্রোটেকশন অ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে সভাপতি জনাব এ কে এম আজাদ ও মহাসচিব মোঃ হাবিবুর রহমান স্বাক্ষরিত একটি আবেদনপত্র বিগত ১৭ ডিসেম্বর, ২০১৯ইং তারিখ চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর প্রদান করেন। আবেদনে তারা উল্লেখ করেন যে, আসন্ন বোরো মৌসুমে কীটনাশকের চাহিদা, কীটনাশক আমদানিতে লেটার অব ক্রেডিট হতে বন্দরে আসা অবধি প্রায় ৩-৪ মাস সময় বিবেচনা এবং বন্দরে বিদ্যমান কীটনাশক ছাড়ের জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ১ ফেব্রুয়ারি ২০২০ থেকে আমদানিকৃত কীটনাশকের চালান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এবং বিসিএসআইআর- এ পরীক্ষার বিষয়টি স্থগিত করে আগামী ১ জুলাই ২০২০ হতে তা বাস্তবায়নের অনুরোধ করেন।

এমতাবস্থায়, আগামী ১ ফেব্রুয়ারী ২০২০ এর পরিবর্তে আগামী ১ জুলাই ২০২০ হতে এ সকল ভারীধাতু বিশিষ্ট কীটনাশক যাতে সমুদ্র ও স্থলবন্দরের মাধ্যমে দেশের অভ্যন্তরে প্রবেশ করতে না পারে সেজন্য আমদানি হয়ে বন্দরে আসা সকল কীটনাশক খালাসের পূর্বে কীটনাশকের প্রতিটি চালান ঢাকাস্থ এটোমিক এনার্জি সেন্টার অথবা বিসিএসআইআর- এ পরীক্ষাপূর্বক ছাড়পত্র প্রদানে বাধ্যবাধকতা আরোপে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

স্বাঃ/-

মোঃ মাহবুব কবীর

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

তারিখ : ১২/০১/২০২০